গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
নাগেশ্বরী, কুড়িগ্রাম।
www.acl.nageshwari.kurigram.gov.bd

স্মারক নং- ৩১.০২.৪৯৬১.০০০.০৩.০২৩.২২- ৩৪৮

তারিখঃ ০২ চৈত্র, ১৪৩১ বঙ্গাব্দ
১৬ মার্চ, ২০২৫ খ্রিষ্টাব্দ

## ‘বদ্ধ’ জলমহালসমূহের ‘খাস আদায়’ বিজ্ঞপ্তি।

এতদ্বারা সর্বধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর ১৬ অনুচ্ছেদ এর নির্দেশনুসারে অত্র নাগেশ্বরী উপজেলাধীন নিম্নবর্ণিত ২০.০০ (কুড়ি) একর পর্যন্ত ০৫ (পাঁচ) টি (বদ্ধ) জলমহালের বাংলা ১৪৩২ সনের ৩০ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ (১৩ এপ্রিল, ২০২৫ খ্রিষ্টাব্দ) তারিখ পর্যন্ত ‘খাস আদায়’ নিমিত্ত নিম্নোল্লিখিত শর্তসাপেক্ষে এবং নির্ধারিত সময়সূচী মোতাবেক অত্র উপজেলার নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতি সমূহের নিকট হতে সভাপতি ও সাধারণ সম্পাদকের সিল ও স্বাক্ষরসহ সমিতির নির্ধারিত প্যাডে ‘খাস দরে’র উল্লেখপূর্বক ‘মুখবন্ধ খামে’ ‘খাস দর’ আহবান করা যাচ্ছে। বিস্তারিত জানতে ভিজিট করুন acl.nageshwari.kurigram.gov.bd

## খাস আদায় কার্যক্রমের ক্যালেন্ডার / সময়সূচীঃ

| | |
|---|---|
| ‘খাস আদায় দর’ ‘দরপত্র বাক্সে’ দাখিলের স্থান, তারিখ এবং সময় ও ‘জলমহাল খাস আদায় সম্পর্কিত কমিটি কর্তৃক’ নির্বাচিত সমিতি/সমিতিসমূহের নাম ঘোষণা। | ০৪ চৈত্র, ১৪৩১ বঙ্গাব্দ ( ১৮ মার্চ, ২০২৫ খ্রি.) সকাল- ১০.০ টা হতে ১০ চৈত্র, ১৪৩১ বঙ্গাব্দ (২৪ মার্চ, ২০২৫ খ্রি.) সকাল- ১১.০০ টা পর্যন্ত।<br>‘খাস আদায় দর’ দাখিলের স্থানঃ সহকারী কমিশনার (ভূমি), নাগেশ্বরী, কুড়িগ্রাম এর কার্যালয়।<br>(১০ চৈত্র, ১৪৩১ বঙ্গাব্দ (২৪ মার্চ, ২০২৫ খ্রি.) সকাল- ১১.০০ টা পর্যন্ত। বেলা ১২.০০ টার সময় আবেদনকারী/আবেদনকারীগণের উপস্থিতিতে দরপত্র বাক্স উন্মুক্ত করা হবে এবং ‘জলমহাল খাস আদায় সম্পর্কিত কমিটি কর্তৃক’ যাচাই-বাছাইপূর্বক একই দিন নির্বাচিত সমিতি/সমিতিসমূহের নাম ঘোষণা এবং তদপরবর্তী নির্দেশনা প্রদান। |

### জলমহালের বিবরণ নিম্নে প্রদত্ত হল :-

| ক্রমিক নং | জলমহালের নাম | তফসিল | খাস কার্যক্রমের মেয়াদ |
|---|---|---|---|
| ০১ | নীলের কূড়া | মৌজা- বাগডাঙ্গা<br>এস এ খং- ০১, এস এ দাগ নং- ৫৬৫, পরিমাণ- ১.৩০০০ (একর) | বাংলা ১৪৩২ সনের ৩০ চৈত্র পর্যন্ত |
| ০২ | মাদারের কূড়া | মৌজা- ধনীগাগলা<br>এস এ খং নং- ০১, এস এ দাগ নং- ৭০২/৮০৭<br>পরিমাণ- ০.৫১০০ (একর) | বাংলা ১৪৩২ সনের ৩০ চৈত্র পর্যন্ত |

| | | | |
|---|---|---|---|
| ০৩ | শিবের হাট ছড়া | মৌজা- ঢলুয়াবাড়ী<br>এস এ খং-০১<br>এস এ দাগ নং- ২৬৪০, পরিমাণ- ১.১৮০০ (এ)<br>এস এ দাগ নং- ২৭০৫, পরিমাণ- ০.৬২০০ (এ)<br>সর্বমোট = ১.৮০০০ (একর) | বাংলা ১৪৩২ সনের ৩০ চৈত্র পর্যন্ত |
| ০৪ | নরসিংডাঙ্গা বিল | মৌজা- দামালগ্রাম<br>এস এ খং নং- ০১<br>এস এ দাগ নং- ৩৯২<br>পরিমাণ- ৬.০৩০০ (একর) | বাংলা ১৪৩২ সনের ৩০ চৈত্র পর্যন্ত |
| ০৫ | সাতকূড়া বিল | মৌজা- নেওয়াশী<br>এস এ খং- ০১<br>এস এ দাগ নং- ২৬০৮, পরিমাণ- ১.৩৪০০ (এ)<br>এস এ দাগ নং- ২৬২৪, পরিমাণ- ৫.৮০০০ (এ)<br>সাকূল্যে মোট = ৭.১৪০০ (একর) | বাংলা ১৪৩২ সনের ৩০ চৈত্র পর্যন্ত |

:শর্তাবলী :

০১। কোন ব্যাক্তি বা অনিবন্ধিত মৎস্যজীবী সংগঠন আবেদন করতে পারবেন না।

০২। মুখবন্ধ খামের ওপর জলমহালের নাম, নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির নাম, ঠিকানা ও সভাপতি / সাধারণ সম্পাদকের মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। ঘষা-মাজা, কাঁটা-ছেড়া কিংবা অসম্পূর্ণ আবেদন গ্রহণযোগ্য হবে না।

০৩। সর্ব্বোচ্চ 'দর' প্রদানকারী সমিতিকে জলমহাল/জলমহালসমূহের 'খাস কার্যক্রমের' দায়িত্ব প্রদান করা হবে।

০৪। জলমহাল/জলমহালসমূহ শুধু মৎস্য চাষের জন্য ইজারা প্রদান করা হবে।

০৫। সভাপতি ও সাধারণ সম্পাদকের সিল ও স্বাক্ষরসহ সমিতির নির্ধারিত প্যাডে 'মুখবন্ধ খামে 'খাস দরে'র উল্লেখপূর্বক' উল্লিখিত নির্ধারিত তারিখ ও সময়ে 'দর' দাখিল করতে হবে।

০৬। বাংলা ১লা বৈশাখ ১৪৩২ সন হতে ৩০শে চৈত্র ১৪৩২ সন পর্যন্ত ইজারা মেয়াদ বলবত থাকবে।

০৭। জলমহাল যেখানে যে অবস্থায় আছে, সেখানে সে অবস্থায় সমিতি/সমিতিসমূহকে 'খাস আদায় কার্যক্রমের দায়িত্ব' প্রদান করা হবে। জলমহালের 'খাস আদায়ে'র দায়িত্ব গ্রহণ পরবর্তী দায়িত্বপ্রাপ্ত সমিতি/সমিতিসমূহের অত্র শর্তসমূহ বিরুদ্ধ কোন অজুহাত, আপত্তি গ্রহণ করা হবে না। 'খাস দর' দাখিলের পূর্বেই সমিতি কর্তৃক সরেজমিন জলমহালের প্রকৃত অবস্থা সঠিকভাবে জেনে 'খাস দর' দাখিল করতে হবে।

০৮। খাস আদায়কারী সমিতি/সমিতিসমূহ সরকার কর্তৃক নিষিদ্ধ ঘোষিত কোন পন্থায়/উপায়ে মৎস্য শিকার করতে পারবে না। কালেক্টর বা সরকারি মৎস্য বিভাগ কর্তৃক জারীকৃত সকল আদেশ-নিষেধ খাস আদায়কারী সমিতি/সমিতিসমূহ পালন করতে বাধ্য থাকবে।

০৯। কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকেই যে কোন আবেদনপত্র গ্রহণ ও বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২৬/০৩/২৫

(মোঃ মাহমুদুল হাসান)
আহবায়ক
জলমহাল ব্যবস্থাপনা কমিটির অন্তর্ভূক্ত 'জলমহাল খাস আদায় সম্পর্কিত কমিটি'
এবং
সহকারী কমিশনার (ভূমি)
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

CamScanner